# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

১। উদ্দীপক-১: সুমন কয়েকদিন আগে বরেন্দ্র যাদুঘরে গিয়ে অপার বিস্ময়ে মুগ্ধ হয়ে দেখে সংরক্ষিত ষষ্ঠ শতকে বাগমারায় পাওয়া বিষ্ণুমুর্তি। কেননা সে জানে এর ঐতিহাসিক মূল্য কত।

উদ্দীপক-২: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র মাহিন। বিশ্ববিদ্যালয় লাইব্রেরিতে সে নিয়মিত বিশ্ব সভ্যতার ইতিহাস নিয়ে পড়া লেখা করে। সে তার বন্ধু নাহিদকে অনুরোধ করে বই পড়তে। তার মতে, বই হলো জীবিত ও মৃত মানুষের জাগ্রত আত্মা।

ক. 'হিস্টরিয়া' শব্দটি প্রথম কে ব্যবহার করেন ?
খ. ইতিহাস বলতে কী বুঝ ?
গ. ১নং উদ্দীপকটি তোমার পাঠ্য বইয়ের ইতিহাস সংশ্লিষ্ট কোন বিষয়টির সাদৃশ্য পাও ? বিশ্লেষণ কর।
ঘ. 'উদ্দীপক-১ ও উদ্দীপক-২ এর উপর ভিত্তি করেই মুলত ঐতিহাসিক সত্য প্রতিষ্ঠিত হয় ' মন্তব্যটির সত্যতা মূল্যায়ণ কর।



চিত্র:১




চিত্র:২

২। ক. মহাকবি হোমার কোন দেশের কবি ছিলেন ?
খ.সিন্ধু সভ্যতাকে নগর রাষ্ট্র বলার কারণ ব্যাখ্যা কর।
গ.উদ্দিপকের চিত্র: ১ কোন সভ্যতার নির্ণায়ক ? ঐতিহাসিক দিক থেকে চিত্রটির তাৎপর্য উপস্থাপন কর।
ঘ.'চিত্র :২ এমন একটি সভ্যতার নির্দেশক,যার অবদান সভ্যতার মানদণ্ড বিবেচনায় অনস্বীকার্য'- মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর।

৩। সময়ের বিবর্তনে নগর সভ্যতার বিস্তার লাভ করলেও আমাদের সমাজে একত্রিত হয়ে বসবাসের রীতি মুছে যায়নি। সমাজে শ্রেণিভেদ আছে,ধনী-দরিদ্র আছে,শাসক-শাসিত সবই আছে। ইতিহাস ঘাটলে দেখা যায় এমন অনেক সভ্যতা আজ ধ্বংসপ্রাপ্ত হয়েছে যা এককালে আমাদের এ দেশের সংস্কৃতির মতো সমৃদ্ধ রীতিকেই তারা লালন করতো।

ক. সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল ?
খ. স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে সিন্ধু সভ্যতা কতটুকু কৃতিত্বের স্বাক্ষর রেখেছিল ?
গ. উদ্দীপকে বর্ণিত সংস্কৃতির সাথে তোমার পাঠ্যে সংযুক্ত কোন সভ্যতার সাদৃশ্য পাওয়া যায় ? বিশ্লেষণ কর।
ঘ. ' উন্নত পরিকাঠামো নিয়েই গড়ে উঠেছিল প্রাচীন সভ্যতাগুলো' উদ্দীপক ও মুলপাঠ অবলম্বণে মন্তব্যটির সত্যতা যাচাই কর।

৪। মনিকা পদ্মাবিধৌত রাজশাহী নগরীর শিক্ষাবোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজে ১০ম শ্রেণিতে পড়ে। এবার গ্রীষ্মকালিন অবকাশে সে বাবার সাথে মহাস্থানগড় জাদুঘরে বেড়াতে যায়। সেখানে পাল,সেন,মোঘল আমলের অনেক নিদর্শন দেখে আর মুগ্ধ হয়। তার বাবা তাকে বলেন,এইখানে একদিন সমৃদ্ধ নগরী ছিল,এই সভ্যতা আমাদের গর্বিত ইতিহাসের সাক্ষী। কালের বিবর্তনে এই গড়টি ধ্বংসস্তুপে পরিনত হয়েছে।

ক. গৌড়ের রাজধানীর নাম কী ছিল ?
খ. বরেন্দ্র জনপদের অবস্থান ব্যাখ্যা কর।
গ. মনিকা যে স্থানটিতে ঘুরতে যায় সে এলাকাটি ইতহাসে কোন জনপদ বলে পরিচিত ? ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা কর।
ঘ. ' মনিকার শিক্ষা নগরী এককালে সমৃদ্ধ জনপদ ছিল, যার ঐতিহাসিক মূল্য ছিল আকাশচুম্বি' মুলপাঠ ও উদ্দীপক অবলম্বণে মন্তব্যটি বিশ্লেষণ কর।

৫। সময়ের বিবর্তনে নগর সভ্যতার বিস্তার লাভ করলেও আমাদের সমাজে একত্রিত হয়ে বসবাসের রীতি মুছে যায়নি। সমাজে শ্রেণিভেদ আছে,ধনী-দরিদ্র আছে,শাসক-শাসিত সবই আছে। ইতিহাস ঘাটলে দেখা যায় এমন অনেক সভ্যতা আজ ধ্বংসপ্রাপ্ত হয়েছে যা এককালে আমাদের এ দেশের সংস্কৃতির মতো সমৃদ্ধ রীতিকেই তারা লালন করতো।

ক. সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল ?
খ. স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে সিন্ধু সভ্যতা কতটুকু কৃতিত্বের স্বাক্ষর রেখেছিল ?
গ. উদ্দীপকে বর্ণিত সংস্কৃতির সাথে তোমার পাঠ্যে সংযুক্ত কোন সভ্যতার সাদৃশ্য পাওয়া যায় ? বিশ্লেষণ কর।
ঘ. ' উন্নত পরিকাঠামো নিয়েই গড়ে উঠেছিল প্রাচীন সভ্যতাগুলো' উদ্দীপক ও মুলপাঠ অবলম্বণে মন্তব্যটির সত্যতা যাচাই কর।

৬। জয়নগর ইউনিয়নের নব নিযুক্ত চেয়ারম্যান সোমেন চ্যার্টাজির বয়স কম, লোভ বেশি, যোগ্যতাতেও পৌক্ত নয়। ক্ষমতার দম্ভে সে ধরাকে, সরাজ্ঞান করেনা। রাস্তা মেরামতের অর্থ,সরকারি অনুদানের অর্থ,বৃদ্ধভাতা,শিশুভাতার অর্থ দেদারচে আত্মসাৎ করে। কেউ প্রতিবাদ করলেই তার উপর নেমে আসে অত্যাচারের খড়গ। কিছুদিন আগে ইউনিয়নের সকল জনতা তার বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং ক্ষমতাচ্যুত করে।

ক. গুপ্ত রাজা শশাংকের রাজধানী কোথায় ছিল ?
খ. 'মাৎস্যন্যায়' বলতে কী বোঝায় ?
গ. উদ্দীপকের সোমেন চ্যার্টাজির সাথে মহীপাল সাম্রাজ্য পরবর্তী শাসকদের কী সাদৃশ্য তোমার চোখে পড়ে তা উপস্থাপন কর।
ঘ. ' অদক্ষ ,মেধাহীন, অযোগ্যদের শাসনের কারণেই পাল সাম্রাজ্যের পতন হয়' মন্তব্যটির সত্যতা বিচার কর।

৭। প্রফেসর অজয় দাস অধ্যাপনা থেকে অবসরের পর ভাবলেন এবার মানুষের জন্য কিছু করবেন তিনি। ফলে সংসদ সদস্য হিসেবে মনোনয়ন নিয়ে জনতার ভোটে সংসদ সদস্য হলেন। রাজনীতি যে নিজের জন্য নয় , জনতার জন্য তা কাজে প্রমাণ করে দিলেন। রাস্তা, ব্রিজ, শিক্ষা প্রতিষ্ঠানের দিকে নজর দিলেন। তিনি বোঝাতে সক্ষম হলেন যে,শিক্ষা ছাড়া সমাজের দেশের উন্নতি হয় না। তাই প্রত্যেক থানায় তিনটি করে গ্রন্থাগার প্রতিষ্ঠা করলেন। এলাকার লোক জানে এখন ,অজয় দাস জনতার নেতা।

ক. বাংলায় সেন বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন ?
খ. সংস্কৃত সাহিত্য রচনা ও প্রসারে বল্লাল সেনের ভুমিকা প্রশংসিত কেন ?
গ. উদ্দীপকের অজয় দাস চরিত্রের সাথে সেন বংশের কোনশাসকের চারিত্রিক সাদৃশ্য লক্ষ্য কর- বিবরণ দাও।
ঘ. ' সেন বংশের শাসন আমল নানা কারণেই ইতিহাসের পাতায় স্মরণীয় হয়ে আছে' মন্তব্যটির স্বপক্ষে তোমার যুক্তি উপস্থাপন কর।

৮। বান্দরবানের রাজা অমৃতপাল বৌদ্ধ ধর্মাবলম্বী মানুষ কিন্তু তিনি তাঁর অঞ্চলে মসজিদ এবং মন্দির নির্মাণের প্রকল্প হাতে নিলেন। সভাসদরা বাধ সাধলেও তিনি তাদের বললেন, আমি শুধু বৌদ্ধদের শাসক নয়। আমি অন্যদেরও পৃষ্টপোষক। আমার রাজ্যে সবাই সমান। তাঁর ধর্মীয় উদারতার জন্য রাজ্যে শান্তির সুবাতাস প্রবহমান ছিল।
ক. 'মহাসামন্ত' কাদের বলা হয় ?
খ. 'কৌলিন্য প্রথা' বলতে কী বোঝায় ?
গ. উদ্দীপকের রাজার কর্মকাণ্ডের সাথে তোমার পঠিত গ্রন্থের কোন শাসকের সাথে মিল খুঁজে পাও তা উপস্থাপন কর।
ঘ. তুমি উক্ত শাসককে ঐ রাজবংশের 'শ্রেষ্ঠ শাসক' মনে কর কি? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও।

৯।

| |
|---|
| বাংলার অর্থনৈতিক সমৃদ্ধির মূল ছিল কৃষি |
| রকমারি ক্ষুদ্র শিল্প, বস্ত্র,শিল্পের প্রসার |
| রপ্তানি নির্ভর ব্যবসা বানিজ্য |
| হুন্ডির মাধ্যমে বিদেশে লেনদেন |

কৌলিন্য প্রথা কোন
ক) কৌলিন্য প্রথা কোন সমাজে প্রচলিত ছিল?
খ) মধ্যযুগে বাংলার মুসলমানদের সামাজিক উৎসব কীভাবে পালিত হতো?
গ) উদ্দীপকের উল্লেখিত বিষয়গুলোর সাথে কোন যুগের অর্থনৈতিক ও বানিজ্যিক মিল রয়েছে? ব্যাখ্যা কর।
ঘ) উক্ত যুগে বিদেশের সাথে বাংলার বানিজ্যিক তৎপরতা অভূতপূর্ব প্রসার লাভ করেছিল-মতামত দাও।

১০। আশিক গ্রাম থেকে শহরে মামার বাড়িতে বেড়াতে আসে।একদিন সকালে আশিক মামার সাথে বাজাও চাল কিনতে যায়। দোকানদার চালের অস্বাভাবিক দাম হাঁকে। আশিক বলে,৩০ টাকা কেজি দিবেন? দোকানি বলে, "এটা কি শায়েস্তা খানের আমল পাইছেন?"
ক) গৌড়ের ছোট সোনা মসজিদ কে নির্মান করেন?
খ) স্থাপত্যশিল্পে শায়েস্তাখানের পৃষ্ঠপোষকতা ব্যাখ্যা কর।
গ) দোকানির বক্তব্যে কোন যুগের কৃষি অর্থনীতির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর।
ঘ) দোকানির এই ব্যাঙ্গাত্বক উক্তিটিতেই মধ্যযুগের অর্থনীতির সয়ংসম্পূর্ণতা প্রকাশ পায়-বিশ্লেষণ কর।

১১। রাজশাহীর দেবানন্দপুর উপজেলার হিন্দু-মুসলিম সম্প্রীতি ছিল ঈর্ষণীয়। হঠাৎ নির্বাচনকে কেন্দ্র করে সম্প্রীতিতে ভাটা পড়লো। তাদের মধ্যে তৈরী হয় সীমাহীন দূরত্ব। এই অবস্থার অবসানকল্পে প্রশাসন সিদ্ধান্ত নেয় দুই পাড়াকে দুটি ইউনিয়নে দিয়ে দেওয়া হলো। মুসলিমরা খুশি হলেও এ সিদ্ধান্তে হিন্দু সম্প্রদায় খুশি হতে পারেনি।
ক. ইংরেজ শাসনের অবসান হয় কখন ?
খ. বাংলার সশস্ত্র আন্দোলন ব্যর্থ হয়েছিল কেন ?
গ. উদ্দীপকের বিষয়টির মতো দেশভাগের পেছনেও প্রশাসনিক কারণ ছিল কি? বিশ্লেষণ কর।
ঘ. ' দেশভাগের মতো 'বঙ্গভঙ্গ' হওয়ার পেছনে শুধু কী প্রশাসনিক কারণ বর্তমান ছিল' তোমার মতামত উপস্থাপন কর।

১২। ইংল্যান্ডের নাগরিক রিচার্ড অন্য একটি দেশে যান। সেখানে গিয়ে তিনি জানতে পারেন, দেশটির এক মহান নেতা সরকারের কাছে দাবি জানিয়েছেন যেন দেশটির উত্তর-পশ্চিম এবং পূর্ব ভূ-ভাগের মুসলমান সংখ্যাগরিষ্ঠ অঞ্চলগুলোকে নিয়ে স্বাধীন রাষ্ট্রসমুহ গঠন করা হয়এবং স্বাধীন রাষ্ট্রের সংশ্লিষ্ট অঙ্গরাষ্ট্রগুলো স্বায়ত্বশাসিত ও সার্বভৌম হয়।
ক) ব্রিটিশ ভারতে কে অসহযোগ আন্দোলনের ডাক দেন?
খ) গান্ধীজি কেন অহিংস আন্দোলন প্রত্যাহার করেন?
গ) উদ্দীপকের দাবিগুলো ভারতবর্ষের যে প্রস্তাবের প্রতিচ্ছবি প্রকাশ করে তার পটভূমি ব্যাখ্যা কর।
ঘ) " এ ধরনের দাবি-দাওয়া ভারত বর্ষের মুসলমানদের রাজনৈতিক ইতিহাসে গুরুত্বপূর্ণ ঘটনা"- বিশ্লেষণ কর।

১৩। দিপা ও দ্রোপদী দুই বোন পুজার কেনা কাটার জন্য বাজারে যায়। দিপা বিদেশি পণ্য পছন্দ করলেও দ্রোপদীর পছন্দ দেশি পণ্য। তার মত ঠুনকো পছন্দের জন্য দেশাত্মবোধকে বিসর্জন দিতে পারিনা। বিদেশি পণ্য কিনলে সে টাকাটা যাবে বিদেশে,দেশের টাকায় দেশের পণ্য কিনলে সে টাকা দেশেই থাকে। তাই সে দেশি সামগ্রী কিনে বাড়ি ফিরে।
ক. লাহোর প্রস্তাব কত সালে উত্থাপিত হয়?
খ. 'স্বত্ব বিলোপ' নীতি বলতে কী বোঝ?
গ. কোন আন্দোলনের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দ্রোপদী দেশিপণ্য কিনতে আগ্রহী হয় ? আলোচনা কর।
ঘ. 'দ্রোপদীর চেতনাই মূলত খাঁটি দেশপ্রেমবোধ,স্বাদেশিকতা' মূলপাঠ অবলম্বণে মন্তব্যটির সত্যতা যাচাই কর।

১৪। রাজেশ কলকাতার ঠাকুর বাড়ি বেড়াতে গিয়ে অবাক হয়ে লক্ষ্য করলো রাস্তার দু' পাশ দিয়ে ইংরেজ আমলের সুরম্য প্রাসাদ। চোখ যেন ফিরতে চায়না তার জৌলুসের মোহে। কিন্তু আবার হঠাৎ থমকে যায় ,ভাবে এ প্রাসাদ যখন তৈরী হয় তখনতো এ দেশ আমারই ছিল। তাহলে এখানে বহুমুল্য প্রাসাদ অন্যদিকে আমার বাংলা এর তুলনায় জরাজীর্ণ , করুণ তাল পাতার কুটিরও নয় কেন ? বিষন্ন হয়, ক্ষোভ জমে ইংরেজ শাসনে।
ক. কে প্রথম বন্দুকের ১৮৫৭ সালে গুলি ছুড়ে বিদ্রোহের সুচনা করেন?
খ. ইংরেজদের বিরুদ্ধে ভারতীয় সিপাহীদের ক্ষোভের কারণ কী ছিল ?
গ. উদ্দীপকের বিষয়টি ইংরেজ শাসন আমলের আর্থ-সামাজিক কোন দিককে নির্দেশ করে? পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর।
ঘ. 'ইংরেজ শাসন টিকিয়ে রাখার স্বার্থে হিন্দু - মুসলিম বিভেদ তৈরী ছিল ইংরেজ শাসকদের কুট কৌশল' মন্তব্যটির সত্যতা যাচাই কর।

১৫।



ক) কোন ঘটনাকে ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম বলা হয়?
খ) বাংলাচুক্তি করা হয় কেন? ব্যাখ্যা কর।
গ) চিত্রে প্রদর্শিত নেতা যে ঐতিহাসিক প্রস্তাব উত্থাপন করেন তার পটভূমি ব্যাখ্যা কর।
ঘ) “উক্ত প্রস্তাবের গুরুত্ব ছিল সুদুরপ্রসারী”-তোমার মতামত উপস্থাপন কর।

১৬। ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি,
ছেলে হারা শত মায়ের অশ্রু-গড়ায়ে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি।

ক.‘ তমদ্দুন মজলিস’ কী ?
খ. যুক্তফ্রন্ট গঠিত হয়েছিল কেন ?
গ. উদ্দীপকের উদ্বৃতিগুলো যে আন্দোলনকে কেন্দ্র করে, সে আন্দোলনের সাথে চরণগুলোর সামঞ্জস্য কতটুকু বর্তমান মূলপাঠের আলোকে ব্যাখ্যা কর।
ঘ. ‘ স্বাধীকার আন্দোলনের সূচনাই হয় উক্ত আন্দোলনের চেতনাকে ধারণ করে’উদ্দীপক ও মূলপাঠ অবলম্বণে মন্তব্যটির সত্যতা নিরুপণ কর।

১৭।

| | |
|---|---|
| তমদ্দুন মজলিস<br>১৪৪ ধারা ভঙ্গ | নতুন রাজনৈতিক দল গঠন,<br>২১ দফা কর্মসূচি |
| তথ্য-১ | তথ্য-২ |

ক) সংবিধান কী?
খ) ব্যালট বিপ্লব বলতে কী বোঝায়?
গ) তথ্য-১ পাকিস্তান শাসনামলের কোন ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর।
ঘ) তুমি কি মনে কর তথ্য-২ পশ্চিম পাকিস্তানি শাসকদের শোষনের বিরুদ্ধে এক ব্যালট বিপ্লব? যুক্তিসহ বিশ্লেষণ কর।

১৮।

| |
|---|
| তমদ্দুন মজলিস |
| ড. মুহাম্মদ শহিদুল্লাহ |
| ধীরেন্দ্রনাথ দত্ত |

ক) যুক্তফ্রন্ট মন্ত্রিসভার সদস্য সংখ্যা কত ছিল ?
খ) প্রাদেশিক নির্বাচনের ফলাফল ব্যাখ্যা কর ।
গ) উদ্দীপকের তথ্য কোন আন্দোলনের সাথে সম্পৃক্ত ?বর্ণনা কর ।
ঘ) “উক্ত আন্দোলন বাঙালি জাতীয়তাবোধ জাগরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে ”– বিশ্লেষণ কর ।

১৯। জাতীয় সংসদ নির্বাচন-২০২২ এ ক্ষমতাসীন ‘জনশক্তি’ ৩৩০আসনের মধ্যে ৩১ আসন পায়। অন্যদিকে ‘গণজাগৃতি’ দল পায় ২৯৯ আসন। নানা অজুহাতে ক্ষমতাসীন দল ক্ষমতা হস্তান্তরে পাঁয়তারা শুরু করে। অবশেষে গণ-আন্দোলনের মুখে ক্ষমতাসীন দল ক্ষমতা হস্তান্তরে বাধ্য হয়।
ক. ৬ দফা কোন সালে ঘোষিত হয়?
খ. ১৯৫৪ সালের নির্বাচনের তাৎপর্য উপস্থাপন কর।
গ. উদ্দীপকে বর্ণিত নির্বাচনি অবস্থা ১৯৫৪ সালের নির্বাচনের কোন অবস্থাকে স্মরণ করিয়ে দেয়? বুঝিয়ে বল।
ঘ. ‘গণ-আন্দোলনের মুখে ক্ষমতাসীন দল ক্ষমতা হস্তান্তরে বাধ্য হয়’ উক্তিটিতে পূর্ববঙ্গের জাতীয় আন্দোলনে পাকিস্তানিদের চারিত্রিক বৈশিষ্ট্য কতটুকু প্রতিফলিত হয় বলে তুমি মনে কর।

২০। সম্প্রতি ‘চ্যানেল আই ‘জনতার কণ্ঠস্বর’নামে একটি অনুষ্ঠান সম্প্রচার করে। সেখানে দেখানো হয় উত্তরবঙ্গে সম্পদের অভাব না থাকলেও,জাতীয় অর্থনীতিতে অবদান থাকা সত্ত্বেও এ অঞ্চল অনেকটা অবহেলিত।কুড়িগ্রামের একজন যুবক এ অঞ্চলের উন্নয়নকল্পে সরকারের কাছে বেশ কিছু দাবি উত্থাপন করেন। দাবির স্বপক্ষে অনেক জনতার সমর্থন থাকায় সরকার তা মেনে নিতে বাধ্য হয়।
ক. গণঅভ্যুত্থান কত সালে সংঘঠিত হয় ?
খ. আগরতলা ষড়যন্ত্র মামলার গুরুত্ব ঐতিহাসিক দিক থেকে কতটুকু ?
গ. উদ্দীপকের যুবকের দাবির সাথে ঐতিহাসিক কোন দাবির সাদৃশ্য লক্ষ্য কর তা উপস্থাপন কর।
ঘ. ‘ উদ্দীষ্ট দাবিই কালক্রমে জাতীয়তাবাদে বাঙালিদের উদ্বুদ্ধ করে’ উদ্দীপক ও মূলপাঠ অবলম্বণে বিশ্লেষণ কর

২১। ক = প্রবাসীদের ভূমিকা
খ = নারীদের ভূমিকা
গ = স্বাধীনতা বিরোধীদের ভূমিকা

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন ?
খ. মুজিবনগর সরকার অপরিহার্য ছিল কেন ?

গ. মহান মুক্তিযুদ্ধে ‘খ’ এর অবদান অনস্বীকার্য কেন ? মতামত দাও।
ঘ. ‘স্বাধীনতা যুদ্ধে ‘ক’ এর ভুমিকা যেমন ছিল প্রশংসনীয় ঠিক ‘গ’ এর ভূমিকা ছিল জঘণ্য ও ঘৃণ্য’ এ ব্যাপারে তোমার বিশ্লেষণ উপস্থাপন কর।

২২।



ক) আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি কে ছিলেন?
খ) মৌলিক গণতন্ত্র বলতে কী বোঝায়?
গ) চিত্রটি ঐতিহাসিক কোন ঘটনা নির্দেশ করছে? ব্যাখ্যা কর।
ঘ) "উক্ত ঘটনায় উন্মোচন করে স্বাধীন রাষ্ট্র গঠনের চেতনার দ্বার"–উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

২৩। সম্প্রতি 'চ্যানেল আই 'জনতার কণ্ঠস্বর'নামে একটি অনুষ্ঠান সম্প্রচার করে। সেখানে দেখানো হয় উত্তরবঙ্গে সম্পদের অভাব না থাকলেও,জাতীয় অর্থনীতিতে অবদান থাকা সত্ত্বেও এ অঞ্চল অনেকটা অবহেলিত।কুড়িগ্রামের একজন যুবক এ অঞ্চলের উন্নয়নকল্পে সরকারের কাছে বেশ কিছু দাবি উত্থাপন করেন। দাবির স্বপক্ষে অনেক জনতার সমর্থন থাকায় সরকার তা মেনে নিতে বাধ্য হয়।

ক. গণঅভ্যুত্থান কত সালে সংঘঠিত হয় ?
খ. আগরতলা ষড়যন্ত্র মামলার গুরুত্ব ঐতিহাসিক দিক থেকে কতটুকু ?
গ. উদ্দীপকের যুবকের দাবির সাথে ঐতিহাসিক কোন দাবির সাদৃশ্য লক্ষ্য কর তা উপস্থাপন কর।
ঘ. ' উদ্দীষ্ট দাবিই কালক্রমে জাতীয়তাবাদে বাঙালিদের উদ্বুদ্ধ করে' উদ্দীপক ও মূলপাঠ অবলম্বণে বিশ্লেষণ কর।

২৪। মিয়ানমারের সামরিক সরকার প্রায় ১১লক্ষ রোহিঙ্গাকে তাদের দেশ থেকে তাড়িয়ে দেয়। প্রাণ ভয়ে তারা পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়। সেই থেকে বাংলাদেশ তাদের খাওয়া- পরার ব্যাবস্থা করছে। অন্য দেশও কিছুটা সাহায্য করছে। রোহিঙ্গারা আশায় বুক বেধে আছে কবে তারা আবার নিজ দেশে ফিরবে।

ক.১৯৭০ সালে আওয়ামীলীগ ১৬২টি টির মধ্যে কত আসন লাভ করে?
খ.১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে বর্ণিত রোহিঙ্গাদের সাথে মুক্তিযুদ্ধচলাকালের কাদের সাথে মিল খুঁজে পাওয়া যায়' উদ্দীপক ও মূলপাঠ অনুস্মরণে বিশ্লেষণ কর।
ঘ. 'চরম দুর্দশা আর অনিশ্চয়তার মধ্যেও বাঙালিরা আশায় বুক বেধেছিল বলেই আজকের এই বাংলাদেশে' উদ্দীপক ও পাঠ্য অবলম্বণে সত্যতা যাচাই কর।

২৫। ক = প্রবাসীদের ভূমিকা
খ = নারীদের ভূমিকা
গ = স্বাধীনতা বিরোধীদের ভূমিকা

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন ?
খ. মুজিবনগর সরকার অপরিহার্য ছিল কেন ?
গ. মহান মুক্তিযুদ্ধে 'খ' এর অবদান অনস্বীকার্য কেন ? মতামত দাও।
ঘ. 'স্বাধীনতা যুদ্ধে 'ক' এর ভুমিকা যেমন ছিল প্রশংসনীয় ঠিক 'গ' এর ভূমিকা ছিল জঘণ্য ও ঘৃণ্য' এ ব্যাপারে তোমার বিশ্লেষণ উপস্থাপন কর।

২৬। নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার এক অভিজাত পরিরবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৪০ সালে আফ্রিকান ন্যাশনালল কংগ্রেসে যোগ দেন। ১৯৪৪ সালে ইয়ুথলীগ প্রতিষ্ঠায় সক্রিয় ভূমিকা পালন করেন। দক্ষিণ আফ্রিকায় বর্ণবাদ বিরোধী আন্দোলনে সক্রিয়ভাবে অংশ নিলে সরকার তাঁকে গ্রেফতার করে। দীর্ঘ ২৭ বছর তিনি কারাভোগ করেন। বর্ণবাদের অবসান এবং গণতন্ত্র প্রতিষ্ঠায় বহুবছর সংগ্রাম করেন , সফল্ ও হোন। আফ্রিকায় তাঁর গোত্রের লোকদের কাছে মাদিবা বলে পরিচিত। যার অর্থ ' জাতির পিতা'।

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন ?
খ. স্বাধীনতা যুদ্ধের পর যুদ্ধবিধ্বস্থ বাংলাদেশের অবস্থা কেমন ছিল ? ব্যাখ্যা কর।
গ.উদ্দীপকে উল্লিখিত নেতার সাথে বাংলাদেশের কোন নেতার মিল পাওয়া যায় ? পাঠ্য অবলম্বণে বুঝিয়ে বল।
ঘ.'স্বাধীন বাংলাদেশ সৃষ্টি ও যুদ্ধবিধ্বস্থ বাংলাদেশ গঠনে উক্ত নেতার ভূমিকা ছিল অবিস্মরনীয়' বক্তব্যটির সত্যতা নির্দেশ কর।

২৭। আমেরিকার স্বনামধন্য প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন গেটিসবার্গ পার্কে জাতির উদ্দেশে একোটি ভাষণ দিয়েছিলেন। তিনি মুক্তিকামী মানুষের মুক্তি ও জাতিকে একত্রিত ও সু-সংগঠিত করার জন্য এই ভাষণ দিয়েছিলেন। এই ভাষণটি জাতিসংঘ 'ইউনেসকো ওয়াল্ড মেমোরি' বইতে লিপিবদ্ধ রয়েছে।

ক. 'জাতীয় স্মৃতিশোধ' কিসের প্রতীক ?
খ. মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের ভাষণের সাাথে কোন মহান নেতার ভাষণের প্রতিচ্ছবি ফুটে উঠেছে ? বর্ণনা কর।
ঘ. 'উক্ত আপোষহীন নেতার বলিষ্ট নেতৃত্বে আমরা স্বাধীনতা পেয়েছি' উক্তিটি মূল্যায়ণ কর।

২৮। রহিম হাওলাদার ১৯৭১ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে রেজিস্টার পদে চাকুরী করতেন। তিনি তাঁর নাতিকে গল্প শোনাচ্ছেন, বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য তাঁরা যে অর্থ বরাদ্দ দিত তা পশ্চিমবঙ্গ পাকিস্তানের একটি বিশ্ববিদ্যালয়ের তুলনায় অপ্রতুল। উদাহরণ দিতে গিয়ে বলেন, মেধাবৃত্তির ক্ষেত্রে সম্পূর্ণ পাকিস্তানের ৩৫টি বৃত্তির মধ্যে পূর্ব পাকিস্তান পেত মাত্র ৫টি দেশের প্রতিটি ক্ষেত্রে একই চিত্র বর্তমান ছিল।

ক. আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি কে ছিলেন?
খ. 'মৌলিক গণতন্ত্র' বলতে কী বুঝ ?
গ.উদ্দীপকের বিষয়বস্তু পাঠ্যবইয়ের কোন ধরনের বৈষম্যকে মনে করিয়ে দেয়? নিজের মতো করে উপস্থাপন কর।
ঘ. 'উদ্দীপকের বর্ণিত বৈষম্যকে কেন্দ্র করেই স্বাধীকার আন্দোলন সংঘঠিত হয়নি'- পাঠ্যের আলোকে ব্যাখ্যা কর।

২৯। প্রবাসী আতোয়ার আলী মুক্তিযুদ্ধকালে অবস্থান করছিলেন ফ্রান্সের ভার্সাই নগরীতে।যুদ্ধের দিনগুলোতে তিনি তার আয়ের সিংহভাগ মুক্তিযোদ্ধাদের জন্য পাঠিয়ে দিতেন। এছাড়া তিনি মুক্তিযুদ্ধের জন্য অর্থ সংগ্রহের তাগিদে তহবিল সংগ্রহার্থে ' উত্তোরণ মুক্তি সংঘ' নামে সংগঠন প্রতিষ্ঠা করেন। বিদেশে বসেই তারঁ দেশের স্বাথে আত্মনিয়োগ নিঃসন্দেহে শ্রদ্ধাতীত।

ক. বীরাঙ্গনা কারা ?
খ. মুজিবনগর সরকার গঠিত হয়েছিল কেন ?
গ. উদ্দীপকের আতোয়ার আলীর কর্মকাণ্ড মুক্তিযুদ্ধে কোন ধরনের প্রভাব ফেলেছিল বলে বলে তুমি মনে কর ? পাঠ্য অবলম্বণে বুঝিয়ে বল।
ঘ. 'উদ্দীপকের বর্ণিত শ্রেণিই মুক্তিযুদ্ধে শুধু অবদান রাখেনি,তাঁরা ছাড়াও আড়ালে থেকে গেছে অনেক শ্রেণি' মন্তব্যটির সত্যতা উপস্থাপন কর।

৩০। 'ট' দেশটি সদ্য স্বাধীনতা লাভ করেছে। দেশের খাদ্য,বস্ত্র,চিকিৎসা ও প্রশাসনিক শৃঙ্খলা ফেরাতে অন্তবর্তীকালিন সরকার গঠিত হয়। স্বল্প সময়ে একটি নীতিমালাও প্রবর্তিত হয়। সেখানে গণতন্ত্র,সমাজতন্ত্র, জাতীয়তাবাদ ও ধর্মনিরপেক্ষতাকে অধিক গুরুত্ব দেওয়া।মৌলিক অধিকার নিশ্চিত করাই তাদের লক্ষ্য বলে নীতিমালাতে উল্লেখ করা হয়।

ক. বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ সংখ্যা কত?

খ. কৃষিক্ষেত্রে বঙ্গবন্ধুর অবদান স্মরণীয় কেন?

গ. উদ্দীপকে বর্ণিত নবগঠিত সরকারের সাথে তোমার পঠিত কোন সরকারের মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর।

ঘ. 'উদ্দীপকে বর্ণিত নবগঠিত নীতিমালা যেন বাংলাদেশেরই প্রতিচ্ছবি' মন্তব্যটির সত্যতা যাচাই কর।

৩১। মিয়ানমারের সামরিক সরকার প্রায় ১১লক্ষ রোহিঙ্গাকে তাদের দেশ থেকে তাড়িয়ে দেয়। প্রাণ ভয়ে তারা পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়। সেই থেকে বাংলাদেশ তাদের খাওয়া- পরার ব্যাবস্থা করছে। অন্য দেশও কিছুটা সাহায্য করছে। রোহিঙ্গারা আশায় বুক বেধে আছে কবে তারা আবার নিজ দেশে ফিরবে।

ক.১৯৭০ সালে আওয়ামীলীগ ১৬২টি টির মধ্যে কত আসন লাভ করে?

খ.১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে বর্ণিত রোহিঙ্গাদের সাথে মুক্তিযুদ্ধচলাকালের কাদের সাথে মিল খুঁজে পাওয়া যায়' উদ্দীপক ও মূলপাঠ অনুস্মরণে বিশ্লেষণ কর।

ঘ. 'চরম দুর্দশা আর অনিশ্চয়তার মধ্যেও বাঙালিরা আশায় বুক বেধেছিল বলেই আজকের এই বাংলাদেশে' উদ্দীপক ও পাঠ্য অবলম্বণে সত্যতা যাচাই কর।

৩২। সম্প্রতি ঢাকায় 'রাজশাহী জেলা সমিতি' নামে একটি পারস্পরিক সহযোগিতা ও আন্তঃযোগাযোগ প্রতিষ্ঠার জন্য স্বেচ্ছাসেবি সংগঠন প্রতিষ্ঠিত হয়। উক্ত সংগঠনটি শৃঙ্খলার সাথে যেন চলতে পারে সে লক্ষ্যে দীর্ঘ ৬ মাসের প্রচেষ্টায় একটি নীতিমালা প্রণীত হয়। সংগঠনের সকল সদস্য বিশ্বাস করে এই নীতিমালা-ই সংগঠনকে সংগঠিত করবে, এগিয়ে যাওয়ার শক্তি যোগাবে।

ক. বাংলাদেশের সংবিধান প্রণীত হয় কত সময়ে?

খ. '১৫ ই আগষ্ট ১৯৭৫ দিনটিকে 'ইতিহাসের কলঙ্কিত দিন' বলার কারণ ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে বর্ণিত নীতিমালার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টিকে সঙ্গতিপূর্ণ বলে মনে হয়-তা বুঝিয়ে বল।

ঘ.'আজকের বাংলাদেশের সাফল্য অনেকাংশে ঐ নীতিমালারই ফসল' উক্তিটির যর্থার্থতা নিরুপণ কর।

৩৩। ইতিহাসের সবচেয়ে বড় ট্র্যাজেডি হচ্ছে যে, প্রায় প্রতিটি দেশের মহানায়করাই করুণ পরিনতির শিকার হয়েছেন। এমনিভাবে এ দেশের সবচেয়ে বড় বড় ট্র্যাজেডির শিকার হোন জাতির সবচেয়ে বড় নেতা , যার হাত ধরেই জাতির মুক্তি এসেছিল। বিবিসি-র জরিপে এ মহান মানুষটিই জাতির শ্রেষ্ঠ সন্তান,সর্বশ্রেষ্ঠ বাঙালি।

ক. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কবে ?

খ. ইনডেমনিটি অধ্যাদেশ কী ? বুঝিয়ে বল।

গ. উদ্দীপকে যে মহান নেতার ইঙ্গিত দেওয়া হয়েছে তাঁর হত্যা বাঙালির ইতিহাসে একটি কলঙ্কজনক অধ্যায় কীভাবে ? পাঠ্য অবলম্বনে আলোকপাত কর।

ঘ. ' ইঙ্গিতবাহী নেতার অবদান ইতিহাসে অবিস্মরনীয়' উক্তিটি অত্যুক্তি নয় কেন ব্যাখ্যা কর।